# বার্ষিক প্রতিবেদন

## ২০২২-২০২৩

## শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট




**শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট**
**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**সাভার, ঢাকা।**

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ০১. | শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | ০৩-০৪ |
| ০২. | শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর ভিশন ও মিশন | ০৫ |
| ০৩. | অবস্থান ও ভূমি সংক্রান্ত তথ্য | ০৬ |
| ০৪. | জনবল | ০৭ |
| ০৫. | ইনস্টিটিউটের পরিচালিত কর্মসূচিসমূহ | ০৮-১৬ |
| ০৬. | বর্তমান অবকাঠামো | ১৭ |
| ০৭. | অবকাঠামোর ভাড়ার তালিকা | ১৮ |
| ০৮. | সুশাসন প্রতিষ্ঠায় গৃহীত কার্যক্রম | ১৮ |
| ০৯. | গৃহীত বিশেষ উদ্যোগ | ১৯ |




## শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের পরিচিতি:

বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন প্রচেষ্টায় যুব উন্নয়ন বিষয়ক কার্যক্রম এদেশের উন্নয়ন মাত্রার গতি নির্ধারক। যুবদের উদ্যোগ ও উদ্ভাবনী ক্ষমতার সঠিক বিকাশ ও তা কার্যক্ষেত্রে সর্বোত্তম ব্যবহারের জন্য প্রয়োজন পরিপূর্ণ শিক্ষা ও উপযুক্ত প্রশিক্ষণ। এ গুরুত্ব অনুধাবন করে এবং যুবদের প্রতি গভীর মমত্ববোধ থেকে মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা ১৯৯৮ সনে এ কেন্দ্রের নাম "শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র" প্রতিষ্ঠার সদয় সম্মতি জ্ঞাপন করেন।যুব উন্নয়ন অধিদপ্তরের অধীন সাভারে অবস্থিত যুব প্রশিক্ষণ কেন্দ্রের অভিন্ন জমি এবং অবকাঠামোতে "শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্পের কার্যক্রম ১৯৯৮ সনে শুরু হয়।

২০০৬ সালে প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার পর ফেব্রুয়ারি ২০১৫ পর্যন্ত থোক বরাদ্দ থেকে প্রাপ্ত অর্থ দ্বারা শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের বিভিন্ন কার্যক্রম চলমান থাকে। ২০১৪ সালের ডিসেম্বর মাসে মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ বিবেচনায় জনবলসহ কেন্দ্রটি রাজস্ব খাতে স্থানান্তরিত হয়। শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রে কার্যক্রমকে যুগোপযোগী ও গতিশীল করার লক্ষ্যে "শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র শক্তিশালী ও আধুনিকীকরণ" শীর্ষক প্রকল্প মার্চ, ২০১৫ মাসে গ্রহণ করা হয়। প্রকল্পটি জুন ২০২১ মাসে সমাপ্ত হয়।




উল্লেখ্য যে, দেশের সম্ভাবনাময় যুব ও যুব নারীর প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণের মাধ্যমে ক্ষমতায়ন এবং দেশ ও জাতির সার্বিক উন্নয়ন গঠনমূলক কর্মকাণ্ডে বৃহত্তর পরিসরে তাদের নিয়োজিত করার নিমিত্ত গবেষণা, উচ্চ শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান করার উদ্দেশ্য "শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন,২০১৮" প্রণীত হয়। এ আইনের ০৩ ধারা অনুযায়ী শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠালগ্ন থেকে এ পর্যন্ত সর্বমোট ৭২০৫ জন যুব ও যুবনারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ০৩টি বিষয়ে ০৬ মাস মেয়াদী ডিপ্লোমা কোর্সসহ ১৬টি বিষয়ে সংক্ষিপ্ত কোর্স আয়োজনের ব্যবস্থা গৃহীত হয়েছে। ইনস্টিটিউটকে "Center of Excellence" হিসেবে প্রতিষ্ঠাকল্পে কার্যক্রম চলমান রয়েছে।

## শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর ভিশন ও মিশন:

### ভিশন:

"স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে যুব সমাজের দক্ষতা উন্নয়নে উৎকর্ষের কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা"

### মিশন:

১.কার্যকর প্রশিক্ষণের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধিকল্পে যুব সমাজকে যোগ্য ও আধুনিকমনস্ক করে গড়ে তোলা।

২. শিক্ষা, গবেষণা ও প্রকাশনার মাধ্যমে যুব সমাজের ধারাবাহিক উন্নয়নে অবদান রাখা।

## শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের পরিচালনা পর্ষদ




## শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর কার্যাবলি



## অবস্থান:

ঢাকা বিভাগের ঢাকা জেলার অন্তর্গত সাভার উপজেলাধীন আশুলিয়া থানার পাথালিয়া ইউনিয়নে ঢাকা আরিচা মহাসড়কের ডেইরি ফার্ম গেইট (কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার ) সংলগ্ন স্থানে প্রতিষ্ঠানটি অবস্থিত।

## ভূমি সংক্রান্ত তথ্য:

| | | |
|---|---|---|
| শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের জমি থেকে প্রাপ্ত- | = | ৩.০০ একর জমি |
| বাংলাদেশ প্রাণী সম্পদ গবেষণা ইনস্টিটিউট হতে প্রাপ্ত- | = | ৩.৩৮ একর জমি |
| সর্বমোট | = | ৬.৩৮ একর জমি |



## জনবল:

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.০০৪.১৯ (অংশ-১)-২৫৬; তারিখ-০৩/০৬/২০২১ খ্রি; মূলে ৪৫ টি পদ সৃজনের প্রশাসনিক অনুমোদন জারি করা হয়।

| ক্রমিক নং | পদের নাম | পদসংখ্যা |
|---|---|---|
| ০১ | মহাপরিচালক | ০১টি |
| ০২ | রেজিস্ট্রার | ০১ টি |
| ০৩ | পরিচালক | ০১টি |
| ০৪ | উপপরিচালক | ০২টি |
| ০৫ | প্রভাষক | ০৬টি |
| ০৬ | সহকারী পরিচালক | ০৪টি |
| ০৭ | ইনস্ট্রাক্টর | ১২টি |
| ০৮ | উপসহকারী প্রকৌশলী | ০১টি |
| ০৯ | সহকারী হোস্টেল সুপার | ০১টি |
| ১০ | সহকারী লাইব্রেরিয়ান | ০১টি |
| ১১ | ব্যক্তিগত সহকারী | ০২টি |
| ১২ | হিসাব রক্ষক | ০১টি |
| ১৩ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ০৪টি |
| ১৪ | স্টোর কিপার | ০১টি |
| ১৫ | অফিস সহায়ক | ০৬টি |
| ১৬ | হিসাব সহকারী | ০১টি |
| | | মোট = ৪৫টি |

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন, ২০১৮ অনুসারে ইনস্টিটিউটের মহাপরিচালক ও রেজিস্ট্রার পদ ২টি পূরণ করা হয়েছে। বর্তমানে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ০১জন সিনিয়র সহকারী সচিব, উপপরিচালক(প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তরের ০২ জন উপপরিচালক, ০৬ জন সহকারী পরিচালকসহ মোট ৩৬জন কর্মকর্তা/ কর্মচারী সংযুক্তির আদেশ বলে ইনস্টিটিউটে কর্মরত আছেন। ইনস্টিটিউটের জনবল কাঠামোভুক্ত ৩৭ জন কর্মকর্তা-কর্মচারী নিয়োগ সম্পন্ন হয়েছে।

## ইনস্টিটিউটের পরিচালিত কর্মসূচিসমূহ :

### ক) প্রশিক্ষণ: ০৬ মাস মেয়াদী ডিপ্লোমা কোর্সসমূহ:



"Diploma In Tourism And Hospitality Management" Training Course. Duration: 14 September, 2022 - 12 March, 2023.
Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341.

Diploma in Tourism and Hospitality Management

Diploma in Web Application and Web Development



"Diploma In Web Application And Web Development" Training Course. Duration: 14 September, 2022 - 12 March, 2023.
Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341.



"Diploma In ICT" Training Course. Duration: 14 September, 2022 - 12 March, 2023.
Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341.

Diploma in Information and Communication Technology.

## সংক্ষিপ্ত কোর্সসমূহ :

| নং | প্রশিক্ষণের নাম | মেয়াদ |
|---|---|---|
| ১. | Food & Beverage Production | 03 Months |
| ২. | Bakery & Pastry Production | 03 Months |
| ৩. | Graphics Design and Multimedia | 01/02 Months |
| ৪. | Digital Marketing | 01/02 Months |
| ৫. | Web Site Design and Application Development and Outsourcing Technology | 01/02 Months |
| ৬. | Data Entry | 02/04 Weeks |
| ৭. | Communicative Language (English) | 04 Weeks |
| ৮. | SEO | 04 Weeks |
| ৯. | Web Site Design | 04 Weeks |
| ১০. | Adobe Photoshop & Illustrator | 02 Weeks |
| ১১. | Multimedia Design | 02 Weeks |
| ১২. | Refreshers Course on Graphics Design and Multimedia | 02 Weeks |
| ১৩. | Refreshers Course on Digital Marketing | 02 Weeks |
| ১৪. | Tour Guide and Eco Tourism Management. | 02 Weeks |
| ১৫. | Reception and Customer Service | 02 Weeks |
| ১৬. | Youth Leadership and Organizational Management. | 02 Weeks |
| ১৭. | Small Business, Entrepreneurship Development. | 02 Weeks |



"Tour Guide and Eco Tourism Management" Training Course. Duration: 23 May - 05 June, 2023.
Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341.



"Web Site Design" Training Course. Duration: 06 August - 02 September, 2023.
Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341.



"Multimedia Design" Training Course. Duration: 25 January- 07 February, 2023.
Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341.



"Reception and Customer Services" Training Course. Duration: 06 - 19 August, 2023.
Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341.



"Communicative Language (English)" Training Course. Duration: 23 May - 19 June, 2023.
Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341.



"Digital Marketing" Training Course. Duration: 07 February - 07 April, 2023.
Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341.



"Small Business and Entrepreneurship Development" Training Course. Duration: 06 - 19 August, 2023.
Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341.



"Graphics Design and Multimedia" Training Course. Duration: 20 September- 18 November, 2022.
Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341.

| | |
|---|---|
| <br>"Bakery and Pastry Production" Training Course. Duration: 18 January - 17 April, 2023.<br>Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341. | <br>"Adobe Photoshop & Illustrator" Training Course. Duration: 18 - 31 January, 2023.<br>Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341. |
| <br>"SEO and Digital Marketing" Training Course. Duration: 1 - 28 June, 2022.<br>Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341. | <br>"Food & Beverage Production" Training Course. Duration: 28 September - 26 December, 2022.<br>Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341. |
| <br>"Youth Leadership and Organizational Management" Training Course. Duration: 05 - 18 September, 2022.<br>Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341. | <br>"Data Entry and e-Marketing" Training Course (3$^{RD}$ Batch). Duration: 13- 26 June, 2022.<br>Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341. |
| | |



"Graphics Design and Multimedia" Training Course. Duration: 20 September- 18 November, 2022.
Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341.



"Web Site Design and Web Application Development and Outsourcing Technique" Training Course. Duration: 28 September - 26 November, 2022.
Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341.



"Digital Marketing" Training Course. Duration: 20 September- 18 November, 2022.
Sheikh Hasina National Institute of Youth Development, Ministry of Youth & Sports, Savar, Dhaka-1341.

## খ) গবেষণাঃ

বিশ্বমানের নেতৃত্বের গুণাবলি ক্ষমতায়নে যুবদের সঠিক দিক নির্দেশনা এবং কর্মমুখী প্রশিক্ষণের কেন্দ্র নিবার্চন এবং প্রতিবন্ধকতা দূরীকরণে গবেষণা কার্যক্রম পরিচালনা করা হয়। ২০২২-২০২৩ অর্থবছরে Skills Requirements for Youth Development Targeting -2041 বিষয়ে একটি গবেষণার কার্যক্রম সম্পাদিত হয়েছে।

















## ঙ) কর্মশালাঃ

যুব ও যুব সংগঠনগুলোকে ফলপ্রসূভাবে পরিচালনা ও উৎসাহিত করার নিমিত্তে সরকারের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, গবেষকবৃন্দ্রের সমন্বয়ে নির্ধারিত বিভিন্ন বিষয়ের উপর কর্মশালা অনুষ্ঠিত হয় । এসব কর্মশালার মাধ্যমে মেধাবী যুবরা সামাজিক উন্নয়ন, আবিষ্কার, উদ্ভাবন, বিভিন্ন শিক্ষা ও ধারণার উন্নয়ন ঘটাতে পারে। ২৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে ইনস্টিটিউটের নির্বাহী কাউন্সিল ও একাডেমিক কাউন্সিলের সদস্য, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তা, বিভিন্ন প্রতিষ্ঠানের বিষয় ভিত্তিক বিশেষজ্ঞ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষক, রির্সাসপার্সন, নির্বাচিত প্রশিক্ষণার্থী, যুব সম্প্রদায়ের প্রতিনিধি ৫১ জন অংশগ্রহণকারীর উপস্থিতিতে ”৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় যুবদের প্রশিক্ষিত করে গড়ে তোলাঃ প্রতিবন্ধকতা ও সম্ভাবনা” শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।















## চ) যুব সমাবেশঃ

বাংলাদেশ একটি অনন্য সৃষ্টিশীল দেশ। এ দেশের রয়েছে সমৃদ্ধ ইতিহাস। দেশের মধ্যে বিভিন্ন অঞ্চলের রয়েছে অনন্য সাংস্কৃতিক ও ঐতিহ্যগত বৈশিষ্ট্য। এ সকল ঐতিহ্য ও বৈশিষ্ট্যের উৎকর্ষতা সাধন এবং বিভিন্ন শ্রেণী/গোষ্ঠীর যুবদের সমন্বয়ে  এ সমাবেশের আয়োজন করা হয়। এ সমাবেশের মাধ্যমে তাদের ধারণা ও দৃষ্টিভঙ্গী আদান প্রদান এবং সমৃদ্ধ করতে প্রতি বছর একবার যুবদের সমাবেশের আয়োজন করা হয়। ২০২২-২৩ অর্থবছরে মার্চ মাসে এই যুব সমাবেশ আয়োজন করা হয়, যেখানে মোট ৭০০ জন যুব ও যুবনারী অংশগ্রহণ করেন।









## ছ) যুব মতবিনিময়ঃ

জাতীয় উন্নয়ন প্রক্রিয়ায় যুবদের সম্পৃক্তকরণ ও বিভিন্ন অঞ্চলের যুবদের পারস্পরিক অভিজ্ঞতা বিনিময়ের সুযোগ সৃষ্টি করার উদ্দেশ্য দেশের বিভিন্ন পর্যায়ের যুব সংগঠনের সদস্য,কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, যুব পুরস্কার প্রাপ্ত, উদ্যোক্তাসহ বিভিন্ন শ্রেণীর যুবদের সমন্বয়ে মোট ২০০ জন যুব ও যুবনারী প্রতিনিধিদের অংশগ্রহণে ০৫ দিন ব্যাপী যুব মতবিনিময় কর্মসূচি অনুষ্ঠিত হয়।





















# বর্তমান অবকাঠামোঃ

- প্রশাসনিক কাম একাডেমিক ভবন
- শীতাতপ নিয়ন্ত্রিত অডিটোরিয়াম
- মেডিকেল সেন্টার
- লাইব্রেরি, ক্যাফেটেরিয়া ও জিমনেশিয়াম
- আন্তর্জাতিক হোস্টেল
- পুরুষ হোস্টেল
- মহিলা হোস্টেল
- মসজিদ
- কর্মকর্তাদের বাসস্থান
- কর্মচারীদের বাসস্থান
- স্মৃতি স্তম্ভ













## অবকাঠামো ভাড়ার তালিকাঃ

| নং | অবকাঠামো | ভাড়ার পরিমাণ | | ভাড়ার সময়কাল |
|---|---|---|---|---|
| | | সরকারী ক্ষেত্রে | বেসরকারী ক্ষেত্রে | |
| ০১. | অডিটরিয়াম ৭০০ আসন বিশিষ্ট, কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রিত | ২৫,০০০/- | ৫০,০০০/- | দৈনিক |
| ০২. | এল.ই.ডি. স্ক্রিন | ১০,০০০/- | ২০,০০০/- | ঐ |
| ০৩. | ক্লাশরুম ভাড়া (৫০-৭৫ আসন বিশিষ্ট এসি) | ৫০০০/- | ১০,০০০/- | ঐ |
| ০৪. | হোস্টেলের সিট ভাড়া | ৩০০/- | ১০০০/- | ঐ |
| ০৫ | আন্তর্জাতিক হোস্টেলের সিট ভাড়া( এসি সিঙ্গেল) | ৭৫০/- | ১৫০০/- | ঐ |
| | (এসি ডাবল) | ১০০০/- | ২,০০০/- | ঐ |
| ০৬. | ক্যাফেটেরিয়া | ৫,০০০/- | ১০,০০০/- | ঐ |
| ০৭. | উন্মুক্ত অঙ্গন | ৫,০০০/- | ১০,০০০/- | ঐ |
| ০৮. | হল রুম | ১০,০০০/- | ২০,০০০/- | ঐ |
| ০৯. | সাপোর্ট সার্ভিস(ক্লিনার, ডাইনিং রুম এটেনডেন্ট, হোস্টেল পিয়ন ইত্যাদির) মোট ব্যয়ের ১০% | | | |
| ১০. | সার্ভিস চার্জ( যন্ত্রপাতি,অডিও ভিজুয়্যাল ইকুইপমেন্টস, ডাইনিং- এ ব্যবহৃত তৈজসপত্র) মোট ব্যয়ের ১০% | | | |

## সুশাসন প্রতিষ্ঠায় গৃহীত কার্যক্রমঃ

- ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন
- ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন
- ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণ সভা আয়োজন
- ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন
- ১.৫ কর্মপরিবেশ উন্নয়ন(স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি)
- জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর মন্ত্রণালয় হতে ফিডব্যাক গ্রহণ
- ২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন
- ২.১ প্রতি বছর রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন
- ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন
- ২.৩ শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রম
- ৩. সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ
- ৩.১ শুদ্ধাচার প্রতিষ্ঠাকল্পে প্রতি মাসে শ্রেষ্ঠ কর্মচারী নির্ধারণ

## গৃহীত বিশেষ উদ্যোগঃ

- সকল প্রশিক্ষণ কোর্সে ভর্তির আবেদন অনলাইনে সম্পন্নকরণ;
- প্রতিষ্ঠালগ্ন থেকে অদ্যাবধি প্রশিক্ষণপ্রাপ্ত যুব ও যুব নারীদের ডাটাবেজ প্রণয়ন এবং কর্মসংস্থানে তাদের বর্তমান অবস্থা সম্পর্কে তথ্য সংগ্রহের ব্যবস্থা গ্রহণ;
- প্রশিক্ষণপ্রাপ্তদের পর্যায়ক্রমে এ অংশগ্রহণের সুযোগ প্রদানের মাধ্যমে সংশিষ্ট বিষয়ে উচ্চতর প্রশিক্ষণ প্রদান তাদের বর্তমান অবস্থা সম্পর্কে তথ্য সংগ্রহের ব্যবস্থা গ্রহণ;